

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

মৌলভীবাজার সরকারি কলেজ, মৌলভীবাজার।

ফোন : ০৮৬১-৫২২২০, ফ্যাক্স : ০৮৬১-৬২১৭৬

Website : <http://www.mbgc.gov.bd>

e-mail : [mbgovtcollege@yahoo.com](mailto:mbgovtcollege@yahoo.com) / [moulvibazargovernmentcollege@gmail.com](mailto:moulvibazargovernmentcollege@gmail.com)

<https://www.facebook.com/moulvibazargovtcollegeofficial>

তারিখ : ২৬/০৭/২০২১ খ্রি.

## ২০২০-২০২১ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষ ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা মৌলভীবাজার সরকারি কলেজে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে সম্মান ১ম বর্ষে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি নির্দেশিকা অনুসারে ২৮.০৭.২০২১ হতে ১৪.০৮.২০২১ তারিখের মধ্যে Online এ ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) ভর্তির প্রাথমিক আবেদন ফরম পূরণ করে ১৫.০৮.২০২১খ্রি. তারিখের মধ্যে কলেজের নির্ধারিত মোবাইল ব্যাংকিং অপারেটর 'নগদ' এর মাধ্যমে ২৫০/- টাকা জমা দিয়ে ভর্তির প্রাথমিক আবেদন নিশ্চিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো।


### আবেদনের শর্তাবলী :

- ক) বাংলাদেশে স্বীকৃত যেকোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মানবিক শাখা থেকে ২০১৭/২০১৮ সালের এসএসসি ও সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.৫ এবং ২০১৯/২০২০ সালের এইচএসসি ও সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।
- খ) বাংলাদেশে স্বীকৃত যেকোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা থেকে ২০১৭/২০১৮ সালের এসএসসি ও সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.০ এবং ২০১৯/২০২০ সালের এইচএসসি ও সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।
- গ) বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড থেকে শুধুমাত্র এইচএসসি (ভোকেশনাল), এইচএসসি (বিজনেস ম্যানেজমেন্ট) ও ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা খ নং শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবেন।
- ঘ) ২০১৭/২০১৮ সালের O-Level পরীক্ষায় তিনটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০৪ (চার) টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০১৯/২০২০ সালের A-Level পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০২ (দুই) টি বিষয়ে উত্তীর্ণ প্রার্থীরা এ ভর্তি কার্যক্রমে অন্যান্য শর্ত পূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল প্রার্থীকে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর নির্ধারিত সময়ের মধ্যে সরাসরি আবেদন করতে হবে।
- ঙ) আবেদনকারী উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষায় যে শাখা থেকে উত্তীর্ণ হয়েছে তাকে সেই শাখার জন্য নির্ধারিত ভর্তির প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে। উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গার্হস্থ্য অর্থনীতি শাখা থেকে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক শাখার আবেদন ফরম পূরণ করবে।

### ফি জমা দেয়ার নিয়মাবলী

- ০১ : 'নগদ' এর ওয়ালেটে Moulvibazar Government College Improvement সিলেক্ট করতে হবে।
- ০২ : জাতীয় বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত রোল নম্বর সঠিকভাবে টাইপ করতে হবে। এখানে উল্লেখ্য যে, যদি কোন শিক্ষার্থী রোল নম্বর ভুল করে তাহলে তার ভর্তির প্রাথমিক আবেদন সম্পন্ন হবে না।
- ০৩ : শিক্ষার্থীর নাম ইংরেজি বড় হাতের অক্ষরে (Capital Letter) লিখতে হবে।
- ০৪ : শিক্ষার্থী কোন বিভাগে আবেদন করেছে সে বিভাগের নাম সঠিকভাবে ইংরেজিতে লিখতে হবে। যেমন : Humanities Group/ Science Group / Business Studies Group
- ০৫ : টাকার ঘরে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত টাকা ২৫০/- টাকা লিখে সাবমিট করতে হবে। উল্লেখ্য যে, নগদ এর সার্ভিস চার্জ বাবদ ১% অটো কেটে নিবে।

উল্লেখ্য যে, আবেদন ফরমটি সঠিকভাবে Online এ পূরণ শেষে Submit করে উক্ত ফরমটি A4 সাইজের সাদা কাগজে কালার প্রিন্ট করে নির্ধারিত স্থানে স্বাক্ষর করে ০১ সেট আবেদনপত্র শিক্ষার্থী নিজের কাছে সংরক্ষণ করবে।


  
২৬/৭/২০২১

(প্রফেসর ড. মোঃ ফজলুল আলী)

অধ্যক্ষ

মৌলভীবাজার সরকারি কলেজ

মৌলভীবাজার।

  
২৬/০৭/২০২১

(প্রফেসর মোঃ সেলিম)

আহবায়ক

স্নাতক সম্মান ভর্তি কমিটি-২০২০-২০২১

মৌলভীবাজার সরকারি কলেজ, মৌলভীবাজার।